

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৪১

আগরতলা, ২ জুলাই, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

“উনকোটি জেলা হাসপাতালের বেহাল দশা,” এই শিরোনামে গত ১ জুলাই, ২০২৫ স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে উনকোটি জেলা হাসপাতাল থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, উনকোটি জেলা হাসপাতাল কর্তৃপক্ষ হাসপাতালের চত্বরের চারপাশে থাকা বর্জ্যের স্তুপ পরিষ্কার করার জন্য সক্রিয়ভাবে কাজ করে চলেছে। এই বিষয়ে উনকোটি জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অ্যান্ড কালেক্টরের কাছে অনুরোধ করা হয়েছিল। পরবর্তীতে, কৈলাশহরের মহকুমা শাসককে কৈলাশহর পৌর পরিষদের সাথে সমন্বয় করে বর্জ্য অপসারণের উদ্যোগ নিতে নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, জেলা হাসপাতাল কর্তৃপক্ষ আরও জানিয়েছেন যে, উনকোটি জেলা হাসপাতালের বাথরুম/শৌচালয়গুলির সংস্কার আংশিকভাবে সম্পন্ন হয়েছে, যার ফলে পূর্বের অবস্থার উল্লেখযোগ্য উন্নতি হয়েছে। তবে, সম্পূর্ণ সংস্কার এখনও বাকি আছে এবং পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের পরিকল্পনা অনুযায়ী রক্ষণাবেক্ষণের কাজ শুরু হলে তা হাতে নেওয়া হবে। পাশাপাশি উনকোটি জেলা হাসপাতালের ড্রেসিং রুমের পরিষেবার ধারাবাহিকতা নিশ্চিত করার চেষ্টাও চলছে।

এছাড়াও সংবাদে উল্লেখিত উনকোটি জেলা হাসপাতালের প্রধানমন্ত্রী ভারতীয় জনওষুধী কেন্দ্র (পিএমবিজেকে) স্থাপনের বিষয়ে জানিয়েছে যে, স্বাস্থ্য অধিকারের গত ১৭ মার্চ ২০২৫ এর চিঠি অনুসারে গত ২৭ মার্চ ২০২৫ উনকোটি জেলা হাসপাতালে মোঃ নুরুল আমিন খাদিমকে প্রধানমন্ত্রী ভারতীয় জনওষুধী কেন্দ্র (পিএমবিজেকে) চালু করার জন্য হাসপাতালের একটি কক্ষ বরাদ্দ করা হয়েছিল। তবে, বরাদ্দ পাওয়ার তিন মাসেরও বেশি সময় হয়ে গেলেও প্রধানমন্ত্রী ভারতীয় জনওষুধী কেন্দ্র (পিএমবিজেকে) এখনও খোলা হয়নি। এই বিলম্বের কারণ জানতে মোঃ নুরুল আমিন খাদিমকে একটি কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছে।
